

💵 সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ৭৭৯

২/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১২৩. সালাতের শুরুতে চুপ থাকা

باب السَّكْتَةِ عِنْدَ الإِفْتِتَاح

আরবী

حَدَّقَنَا مُسَدَّدُ، حَدَّقَنَا يَزِيدُ، حَدَّقَنَا سَعِيدٌ، حَدَّقَنَا قَتَادَةُ، عَنِ الْحَسَنِ، أَنَّهُ حَفِظَ عَنْ رَسُولِ اللهِ جُنْدُب، وَعِمْرَانَ بْنَ حُصَيْنٍ، تَذَاكَرَا فَحَدَّثَ سَمُرَةُ بْنُ جُنْدُب، قَعِمْرَانَ بْنَ حُصَيْنٍ، تَذَاكَرَا فَحَدَّثَ سَمُرَةُ بْنُ جُنْدُب، أَنَّهُ حَفِظَ عَنْ رَسُولِ اللهِ صلى الله عليه وسلم سَكْتَتَيْنِ سَكْتَةً إِذَا كَبَّرَ وَسَكْتَةً إِذَا فَرَغَ مِنْ قِرَاءَةِ (غَيْرِ الْمَغْضُوبِ عَلَيْهِمْ وَلَا الضَّالِينَ) فَحَفِظَ ذَلِكَ سَمُرَةُ وَأَنْكَرَ عَلَيْهِ عِمْرَانُ بْنُ حُصَيْنٍ فَكَتَبَا فِي ذَلِكَ إِلَى أَبُيِّ بْنِ كَعْبٍ وَكَانَ فِي كِتَابِهِ إِلَيْهِمَا أَنْ فِي رَدِّهِ عَلَيْهِمَا أَنَّ سَمُرَةَ قَدْ حَفِظَ .

_ ضعيف: المشكاة ٨١٨

বাংলা

৭৭৯। আল-হাসান (রহঃ) সূত্রে বর্ণিত। একদা সামুরাহ ইবনু জুনদুব ও 'ইমরান ইবনু হুসায়িন (রাঃ) পরস্পরে আলোচনাকালে প্রসঙ্গক্রমে সামুরাহ (রাঃ) বর্ণনা করেন যে, তিনি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে সালাতের দু' স্থানে চুপ থাকা (দুই সাকতা) সম্পর্কীত জ্ঞান হিফ্য করেছেন। প্রথম সাকতা হচ্ছে তাকবীরে তাহরীমা বলার পর এবং দ্বিতীয় সাকতা হচ্ছে "গইরিল মাগযূবি 'আলাইহিম ওলাযযল্লীন" পাঠের পর। সামুরাহ ইবনু জুনদুব (রাঃ) বিষয়টি স্মরণ রাখলেও 'ইমরান ইবনু হুসায়িন (রাঃ) তা অস্বীকার করে বসেন। ফলশ্রুতিতে তাঁরা দু'জনেই এ বিষয়ে জানার জন্য উবাই ইবনু কা'ব (রাঃ)-এর নিকট পত্র লিখেন। তিনি তাঁদের পত্রের জবাবে লিখেন যে, সামুরাহ (রাঃ) বিষয়টি যথায়থ স্মরণ রেখেছেন।[1]

দুর্বল : মিশকাত ৮১৮।

English

Narrated Samurah ibn Jundub; Ubayy ibn Ka'b:



Samurah ibn Jundub and Imran ibn Husayn had a discussion (about the periods of silence in prayer). Samurah then said that he remembered two periods of silence from the Messenger of Allah (ﷺ); one when he uttered the takbir and the other when he finished reciting: "Not of those with whom Thou art angry, nor of those who go astray" (i.7).

Samurah remembered that, but Imran ibn Husayn rejected it.

Then they wrote about it to Ubayy ibn Ka'b. He wrote a letter to them and gave a reply to them that Samurah remembered correctly.

ফুটনোট

[1] তিরমিয়ী (অধ্যায়ঃ আবওয়াবুস সালাত, অনুঃ সালাতের মধ্যে দু'টি সাকতা প্রসঙ্গে, হাঃ ২৫১)। আবৃ মূসা মুহাম্মাদ সাঈদ থেকে ইমাম তিরমিয়ী বলেন, সামুরাহর হাদীসটি হাসান), আহমাদ (৫/৭)। মিশকাতের তাহকীকে শায়খ আলবানী বলেনঃ হাসান বাসরী বিখ্যাত লোক হলেও তিনি একজন মুদাল্লিস এবং তিনি এটি আন্ আন্ শব্দে বর্ণনা করেছেন। এছাড়া হাদীসটির মাতান বর্ণনায় বর্ণনাকারীরা উলটপালট করেছেন। কতিপয় বর্ণনাকারী বলেছেনঃ দ্বিতীয় সাকতা হচ্ছে... ওলাযযল্লীন' বলার পর। যেমন এ বর্ণনায় রয়েছে। আর কতিপয় বর্ণনাকারী বলেছেনঃ দ্বিতীয় সাকতা হচ্ছে 'সমস্ত কিরাআত শেষ করার পর রুকু'র পূর্বে। যেমন আবৃ দাউদের ৭৭৮ নং হাদীস। এটাই আমাদের নিকট প্রাধান্যযোগ্য। এটিকেই ইবনু তাইমিয়্যাহ ও ইবনুল কাইয়িয়ম সহীহ বলেছেন।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী 🛘 বর্ণনাকারীঃ হাসান বাসরী (রহঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন